



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT**

**EVENING/ MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**10 JULY 2024**

**7:35—7:40 AM IST**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী খুব শীঘ্রই বন্যায় ক্ষতিগ্রস্ত আসামকে সাহায্য করতে বিশেষ প্যাকেজ ঘোষণা করবেন বলে কেন্দ্রীয় শক্তি , গৃহ নির্মাণ ও নগর উন্নয়ন পরিক্রমা বিভাগের মন্ত্রী মনোহর লাল খট্টর জানিয়েছেন । গতকাল গুয়াহাটিতে উত্তর-পূর্বের শক্তি ও নগর উন্নয়ন মন্ত্রীদের সংগে আয়োজিত এক বৈঠকে অংশ গ্রহণের পর মন্ত্রী শ্রী খাট্টার সাংবাদিকদের একথা জানান । তিনি বলেন যে আসামে বন্যায় ক্ষতিগ্রস্ত লোকদের সহায়তার জন্য কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতির । শ্রী খাট্টার বলেন রাজ্যে বন্যায় হোয়া ক্ষয়ক্ষতির

মূল্যায়ন করা হচ্ছ এবং এই প্রক্রিয়া মূল্যায়ন সম্পন্ন হোয়ার পরই প্রধানমন্ত্রী আসামের জন্য বিশেষ প্যাকেজ ঘোষণা করবেন ।

এদিকে রাজ্যের বন্যা পরিস্থিতি কিছুটা উন্নতি হলেও এখনো ২৭ টি জেলার ৯১ টি রাজস্ব চক্রের ৩ হাজার ১০০ এরও অধিক গ্রাম বন্যার জলে প্লাবিত রয়েছে । এবারের বন্যায় ১৮ লক্ষ ৮০ হাজারেরও বেশী লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন । গত ২৪ ঘন্টায় বন্যার ফলে দুজন লোকের মৃত্যু

হওয়ায় সাম্প্রতিক বন্যায় মৃত্যু হোয়া লোকের সংখ্যা ৭৪ এ বৃদ্ধি পেয়েছে ।

---

রাজ্যের জল সম্পদ বিভাগ সূত্রে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ সকাল সাতটায় শিলচর অন্নপূর্ণাঘাটে বরাক নদী বিপদসীমার ৭১ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে । এখানে জল স্থিতাবস্থায় রয়েছে ।

---

শিলচর পৌর এলাকার নালা-নর্দমা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য কেন্দ্রীয় বিদেশ ও বঙ্গ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা গতকাল পৌরসভার সুপার সোকার বৈদ্যুতিক বাহনের উন্মোচন করেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মন্ত্রী শ্রী মার্ঘেরিটা বলেন যে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা শিলচর শহরের চলতি বিভিন্ন সমস্যা সমাধানে বহু পদক্ষেপ গ্রহন করেছেন । তিনি বলেন যে শিলচর আসামের গুরুত্বপূর্ণ ব্যবসায়িক কেন্দ্র এবং সরকার এই শহরের সামগ্রিক উন্নয়নের জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করছে । শহরের বহু পুরোনো জমা জলের সমস্যা সমাধান করার ক্ষেত্রে রাজ্য সরকার অগ্রাধিকার প্রদান করছে বলে তিনি মন্তব্য করেন । পরে মন্ত্রী জেলা উপায়ুক্তের কার্যালয়ে আয়োজিত এক পর্যালোচনা বৈঠকে মিলিত হয়ে বিভিন্ন বিভাগের সংগে সাম্প্রতিক বন্যা পরিস্থিতি , ক্ষয়ক্ষতির বিষয় নিয়ে আলোচনা করেন ।

---

করিমগঞ্জ জেলার বন্যা পরিস্থিতি পর্যালোচনা করতে কেন্দ্রীয় বিদেশ ও বঙ্গ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা গতকাল করিমগঞ্জ শহরের শিল্প ও বানিজ্য

কার্যালয়ের ত্রাণ শিবির ও নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ত্রাণ শিবির পরিদর্শন করেন । মন্ত্রী বন্যা দুর্গতদের সংগে কথা বলে প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী ,পানীয় জল , চিকিৎসা পরিষেবা , পরিচ্ছন্নতা ও শিশুদের প্রদান করা খাদ্য সামগ্রী বিষয়ে অবগত হয়েছেন । এরপর মন্ত্রী জেলা প্রশাসন ও বিভাগীয় প্রধানদের সংগে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন । বৈঠকে জেলা আয়ুক্ত মৃদুল যাদব জেলার বন্যা পরিস্থিতি , ক্ষয়ক্ষতি এবং ত্রাণ বন্টনের বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন । মন্ত্রী কৃষি জমিতে ক্ষতি হওয়া ফসলের জন্য পর্যাপ্ত পরিমানের বীজ কৃষকদের জন্য ব্যবস্থা করে দিতে কৃষি আধিকারিকে নির্দেশ দিয়েছেন । মন্ত্রী শ্রী মার্ঘেরিটা বন্যায় ক্ষতিগ্রস্ত কোনো পরিবার সরকারী সুবিধা থেকে যাতে বঞ্চিত না হয় সেজন্য জেলা প্রশাসনকে সতর্ক দৃষ্টি রাখতে আহ্বান জানান ।

---

কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা হাইলাকান্দি জেলায় সাম্প্রতিক দু দফার বন্যায় ক্ষয়ক্ষতি নিরূপন করতে নির্দেশ দিয়েছেন । মন্ত্রী শ্রী মার্ঘেরিটা আজ হাইলাকান্দির জেলা আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত একটি পর্যালোচনা সভায় বন্যায় ক্ষয়ক্ষতি নিরূপনের নির্দেশ দিয়েছেন । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানান যে জেলায় প্রথম পর্যায়ের বন্যায় চার জনের মৃত্যু হলেও , দ্বিতীয় দফার বন্যায় কোন মৃত্যু হয় নি । প্রথম পর্যায়ের বন্যায় মৃত্যু হওয়া ব্যক্তিদের নিকট আত্মীয়দের ইতিমধ্যে চার লক্ষ্য টাকা করে দেওয়া হয়েছে । জেলা আয়ুক্ত আরো জানান যে রাজস্ব চক্র পর্যায়ের ইতিমধ্যে ড্যামেজ এসেসমেন্ট কমিটি গঠন করা হয়েছে এবং আগামী ১৫ ই জুলাই-র মধ্যে এই কমিটি প্রশাসনের কাছে প্রতিবেদন জমা করবে । বৈঠকের আগে কেন্দ্রীয় মন্ত্রী কালিনগরের অন্তর্দাচরন গার্লস উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ত্রাণ শিবিরটি পরিদর্শন করেন ।

---

আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের পক্ষ থেকে গতকাল এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আগামী ২৫শে জুলাই থেকে উচ্চতর মাধ্যমিক পর্যায়ে রাজ্য মুক্ত বিদ্যালয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ৭ই আগষ্ট এই পরীক্ষা শেষ হবে। অনুরূপভাবে, ৯ই আগষ্ট থেকে প্রেক্ষিক্যাল পরীক্ষাগুলি অনুষ্ঠিত হবে। উল্লেখ্য আগে এই পরীক্ষা তেসরা জুলাই থেকে শুরু হওয়ার কথা ছিল। রাজ্যের বর্তমান বন্যা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে পরিষদ মুক্ত বিদ্যালয়ের পরীক্ষাগুলি পিছিয়ে দিয়েছিল। পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হওয়ায় গতকাল এই নতুন সূচি ঘোষণা করা হয়েছে।

---

---

করিমগঞ্জের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে করিমগঞ্জের চতুর্থ আসাম ব্যাটালিয়ন এন সি সি ক্যাডেটদের আগামী ২০ জুলাই পর্যন্ত চাঁদখিরার স্বামী বিবেকানন্দ কলেজ ফায়ারিং রেঞ্জ গুলি চালানোর মহড়া অনুষ্ঠিত হবে। এই গুলি চালানোর মহড়ার সময় যাতে কোন ধরনের অবাঞ্ছিত দুর্ঘটনা না হয়, সেজন্য জেলা প্রশাসন থেকে ফায়ারিং রেঞ্জ এলাকার জনগনকে সতর্কতা অবলম্বন করে চলাফেরা করতে অনুরোধ করা হয়েছে।

---

---